দৈনিক সংবাদ

তারিখ ... 08 JUL 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

22

15

# শিক্ষার পরিবেশ সন্ত্রাসমুক্ত রাখুন ঃ প্রধানমন্ত্রীর আহ্বান

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সম্মতির ভিত্তিতে পদক্ষেপ নেয়ার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। খবর বাসস'র।

বেগম জিয়া বলেন, জাতীয় সংসদ ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার উপায় উদ্ভাবনের বিষয়ে আলোচনা করবে। তিনি বলেন, ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত রাখার উপায় খুঁজে বের করার জন্য সংসদের বাইরেও সংশ্লিষ্ট মহলের সঙ্গে আলোচনা করা হবে। তিনি গতকাল রোববার তার সচিবালয় অফিসে ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট সদস্যদের সঙ্গে কথা বলছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, তার সরকার দেশের ছাত্রসমাজের জন্য উন্নততর ভবিষ্যৎ নিশ্চিত করতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেবে।

বেগম জিয়া ক্যাম্পাসকে সহিংসতামুক্ত এবং সেখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও শিক্ষকদেরকে তাদের প্রধান দায়িত্ব ও কর্তব্যের কথা স্মরণ করিয়ে দেন। তিনি এ ব্যাপারে সচেতন নাগরিকগণকেও তাদের

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ৮ কঃ ৫

## প্রধানমন্ত্রী ঃ সিন্ডিকেট সদস্যদের সাথে বৈঠক

( ১ম পাতার পর )

উপযুক্ত দায়িত্ব পালন করার আহ্বান জানান।

তিনি বলেন, আমরা ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য সংশ্লিষ্ট মহলের পরামর্শ নিয়ে পদক্ষেপ নিতে চাই।

এর আগে সিণ্ডিকেট সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন।

পররাষ্ট্রমন্ত্রী এ, এস, এম মোস্তাফিজুর রহমান, সেচ ও কৃষিমন্ত্রী মাজেদুল হক, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান এবং জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন এ উপলক্ষে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা, উপ-উপাচার্য ওয়াকিল আহমদ, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন আনোয়ারুল্লাহ চৌধুরী, সলিমুল্লাহ হলের প্রাধ্যক্ষ ডঃ মাহতাবউদ্দিন চৌধুরী, জীবতাত্ত্বিক বিজ্ঞান অনুষদের ডীন ডঃ এস, এম, এ ফয়েজ এবং সিণ্ডিকেট সদস্যবৃন্দ গিয়াস কামাল চৌধুরী, ডঃ আনোয়ার হোসেন, ডঃ হাবিবুর রহমান এবং অধ্যাপক মাহমুদ জাহাঙ্গীর হাসান বৈঠকে উপস্থিত ছিলেন।